

# একাদশের সাড়ে ১০ লাখ শিক্ষার্থীর রেজিস্ট্রেশন শুরু

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০২ নভেম্বর ২০২৫, ১৩:১৭



ফাইল ছবি: সংগৃহীত

চলতি ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া ১০ লাখেরও বেশি শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হয়েছে। রোববার (২ নভেম্বর) সকাল ১০টা থেকে শিক্ষার্থীরা অনলাইনে রেজিস্ট্রেশন করতে পারছেন। এটি চলবে আগামী ১৬ নভেম্বর বিকেল ৫টা পর্যন্ত।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

দেশের ১১টি শিক্ষা বোর্ডের পক্ষ থেকে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, শিক্ষা বোর্ডসমূহের আওতাধীন সব উচ্চমাধ্যমিক প্রতিষ্ঠানের শিক্ষক ও প্রশাসকরা ভর্তি [ওয়েবসাইটের](#) (College Login) প্যানেলে কলেজের EIIN নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে।

আগামী ১৬ নভেম্বর বিকেল ৫টার মধ্যে রেজিস্ট্রেশনের নিমিত্তে প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে প্রেরণের সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়েছে।

নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উচ্চমাধ্যমিক পর্যায়ে সংশ্লিষ্ট সব শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের জন্য এ নির্দেশনা দেওয়া হয়েছে।

আন্তঃশিক্ষা বোর্ড সূত্র জানায়, চলতি বছর একাদশ শ্রেণিতে ভর্তিতে তিন ধাপে আবেদন নেওয়া হয়। এতে আবেদন করে নির্বাচিত হওয়া শিক্ষার্থীর সংখ্যা ১০ লাখ ৬৬ হাজার ১৬৩ জন। তারা গত ৭ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত ভর্তির সুযোগ পেয়েছেন। এরপর ১৫ সেপ্টেম্বর থেকে তাদের আনুষ্ঠানিকভাবে ক্লাস শুরু হয়েছে।

একাদশ শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের টিউটোরিয়াল দেখা যাবে [এখানে](#)